

# দাড়ি ছিঁড়ে ফেলা সেই ছাত্রলীগ নেতাকে হল থেকে বহিষ্কার

ঢাকা  
বিশ্ববিদ্যালয়  
প্রতিনিধি

২২ ফেব্রুয়ারি,  
২০২৪ ২১:১৩

শেয়ার

অ +

অ -



আরাফাত হোসাইন অভি

পাওনা ঢাকা চাওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাস্টারদা সূর্যসেন হলের ক্যান্টিন পরিচালককে মারধর করে তার দাড়ি ছিঁড়ে ফেলা ছাত্রলীগ নেতা আরাফাত হোসাইন অভিকে হল থেকে বহিষ্কার করেছে হল প্রশাসন। আজ বৃহস্পতিবার

(২২ ফেব্রুয়ারি) তদন্ত কমিটির প্রতিবেদনের ভিত্তিতে এই বহিষ্কারের নোটিশ দেওয়া হয়। বহিষ্কৃত অভি মাস্তারদা সূর্য সেন হল শাখা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক ছিলেন।

এর আগে গত ১২ ফেব্রুয়ারিতে দুপুরে পাওনা টাকা চাওয়ায় ক্যান্টিন পরিচালককে মারধর করে দাড়ি, শার্ট, লুঙ্গি, গেঞ্জি টেনে ছিঁড়ে ফেলেন অভি।

পরবর্তীতে সেদিনই ভুক্তভোগী হল প্রাধ্যক্ষ বরাবর লিখিত অভিযোগ করেন। অভিযোগের ভিত্তিতে সেদিনই তিন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করে হল প্রশাসন। সেই তদন্ত কমিটির প্রতিবেদনের ভিত্তিতে বৃহস্পতিবার অভিকে হল থেকে বহিষ্কার করা হয়।

বহিষ্কারের নোটিশ অভিকে মারধরের ঘটনায় দোষী হিসেবে প্রমাণিত হয়েছে বলে উল্লেখ করা হয়।

পাশাপাশি স্নাতক শেষ হওয়ায় এবং স্নাতকোত্তরে ভর্তি না হওয়ায় অভি অবৈধভাবে হলে অবস্থান করছে বলে নোটিশে উল্লেখ করা হয়। বহিষ্কারের নোটিশে অভিকে কাল শুক্রবারের মধ্যে হল ত্যাগের নির্দেশ দেওয়া হয়েছে। ভবিষ্যতে অভিকে হলে অবস্থান করতে দেখা গেলে তার বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও নোটিশে উল্লেখ করা হয়। এদিকে মারধরের ঘটনায় যুক্ত থাকায় গত ১৩ ফেব্রুয়ারি অভিকে সাময়িকভাবে বহিষ্কার করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ।